

া রাহে বেলায়াত

বিভাগ/অধ্যায়ঃ চতুর্থ অধ্যায় - বিষয় সংশ্লিষ্ট যিকর ও দু'আ রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আনুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

বিপদ ও দুশ্চিন্তা থেকে মুক্তি পাওয়ার দু'আ

ইতোপূর্বে দুশ্চিন্তা ও বিপদ থেকে মুক্তির বিভিন্ন দু'আ আলোচিত হয়েছে: (১৯, ২৯ ও ৩০ নং যিকর)। যে কোনো বিপদে, উৎকণ্ঠায় মুমিনের উচিত এগুলি বেশি বেশি করে পাঠ করা।

যিকর নং ১৯: আল্লাহর নামসমূহের ওসীলায় দুশ্চিন্তা মুক্তির দু'আ

اللَّهُمَّ إِنِّي عَبْدُكَ ابْنُ عَبْدِكَ ابْنُ أَمَتِكَ نَاصِيَتِي بِيَدِكَ مَاضٍ فِيَّ حُكْمُكَ عَدْلٌ فِيَّ قَضَاؤُكَ أَسْأَلُكَ بِكُلِّ اسْمٍ هُوَ لَكَ سَمَّيْتَ بِهِ نَفْسَكَ أَوْ أَنْزَلْتَهُ فِي كِتَابِكَ أَوْ عَلَّمْتَهُ أَحَدًا مِنْ خَلْقِكَ أَوِ اسْتَأْثَرْتَ بِهِ فِي عِلْمِ الْغَيْبِ عِنْدَكَ أَنْ تَجْعَلَ الْقُرْآنَ رَبِيعَ قَلْبِي وَنُورَ بَصرى (في روايات نُورَ صَدْرِي) وَجَلَاءَ حُزْنِي وَذَهَابَ هَمِّي

উচ্চারণঃ আল্লা-হুম্মা ইন্নী আবদুকা, ওয়া ইবনু আবদিকা ওয়াবনু আমাতিকা, না-সিয়্যাতি বিইয়াদিকা, মা-দিন ফিইয়া হুকমুকা, 'আদলুন ফিইয়া 'কাদাউকা, আসআলুকা বিকুল্লি ইসমিন হুআ লাকা, সাম্মাইতা বিহী নাফসাকা, আউ আন্যালতাহু ফী কিতা-বিকা, আউ 'আল্লামতাহু আহাদাম মিন খালকিকা, আউ ইসতা-সারতা বিহী ফী 'ইলমিল 'গাইবি 'ইনদাকা আন তাজ'আলাল কুরআ-না রাবী'আ কালবী, ওয়া নূরা বাসারী [সাদরী], ওয়া জালা-আ হুযনী, ওয়া যাহা-বা হাম্মী।

অর্থঃ "হে আল্লাহ, আমি আপনার বান্দা, আপনার (একজন) বান্দার পুত্র, (একজন) বান্দীর পুত্র। আমার কপাল আপনার হাতে। আমার বিষয়ে আপনার সিদ্ধান্ত কার্যকর। আমার বিষয়ে আপনার বিধান ন্যায়ানুগ। আমি আপনার নিকট প্রার্থনা করছি আপনার সকল নাম ধরে বা নামের ওসীলা দিয়ে, যে নামে আপনি নিজেকে ভূষিত করেছেন, অথবা যে নাম আপনি আপনার কিতাবে নাযিল করেছেন, অথবা যে নাম আপনি আপনার কোনো সৃষ্টিকে শিখিয়েছেন, অথবা যে নাম আপনি গাইবী জ্ঞানে আপনার একান্ত নিজের কাছে রেখে দিয়েছেন (সকল নামের ওসীলায় আমি আপনার কাছে চাচ্ছি যে,) আপনি কুরআন কারীমকে আমার অন্তরের বসন্ত, চোখের আলো, বেদনার অপসারণ ও দুশ্ভিত্তার অপসারণ বানিয়ে দিন। (কুরআনের ওসীলায় আমাকে এগুলি দান করুন)।"

যিকর নং ২৯ : দুশ্চিন্তা বা বিপদগ্রস্তের দু'আ-১

ইবনু আব্বাস (রাঃ) বলেন, রাসূলুল্লাহ (সা.) বিপদ বা কষ্টের সময় বলতেনঃ

لَا إِلَهَ إِلَّا اللَّهُ الْعَظِيمُ الْحَلِيمُ لَا إِلَهَ إِلَّا اللَّهُ رَبُّ الْعَرْشِ الْعَظِيم لَا إِلَهَ إِلَّا اللَّهُ رَبُّ الْعَرْشِ الْعَظِيم لَا إِلَهَ إِلَّا اللَّهُ رَبُّ الْعَرْشِ الْعَظِيم لَا إِلَهَ إِلَّا اللَّهُ رَبُّ الْعَرْشِ الْكَرِيم

উচ্চারণঃ লা- ইলা-হা ইল্লাল্লা-হুল আযীমূল হালীম, লা- ইলা-হা ইল্লাল্লা-হু রাব্বুল আরশিল আযীম, লা- ইলা-হা ইল্লাল্লা- হু রাব্বুস সামাওয়া-তি ওয়া রাব্বুল আরদি ওয়া রাব্বুল আরশিল কারীম।



অর্থঃ "নেই কোনো মা'বুদ আল্লাহ ছাড়া, যিনি মহান, মহাধৈর্যময় মহা বিচক্ষণ, নেই কোনো মা'বুদ আল্লাহ ছাড়া, যিনি মহান আরশের প্রভু, নেই কোনো মা'বুদ আল্লাহ ছাড়া, যিনি আসমানসমূহের, জমিনের ও সম্মানিত আরশের প্রভু।

যিকর নং ৩০ : দুশ্চিন্তা বা বিপদগ্রন্তের দু'আ-২

আয়েশা (রাঃ) বলেন, রাসূলুল্লাহ (সা.) তাঁর পরিবারের সবাইকে একত্রিত করে বলতেন: "তোমাদের কেউ কখনো দৃশ্চিন্তা বা বিপদের মধ্যে নিপতিত হলে বলবেঃ

اللَّهُ، اللَّهُ رَبِّي لاَ أُشْرِكُ بِهِ شَيْئًا، اللَّهُ اللَّهُ رَبِّي لاَ أُشْرِكُ بِهِ شَيْئًا

উচ্চারণঃ আল্লা-হু, আল্লা-হু রাব্বী, লা- উশরিকু বিহী শাইআন। আল্লা-হু, আল্লা-হু রাব্বী, লা- উশরিকু বিহী শাইআন।

অর্থঃ "আল্লাহ, আল্লাহ, আমার রব, তার সাথে কাউকে শরীক করি না, আল্লাহ, আল্লাহ, আমার রব, তার সাথে কাউকে শরীক করি না।"

হাদীসটির সনদ কিছুটা দুর্বল হলেও অন্যান্য কয়েকটি সনদে একই দু'আ বর্ণিত হয়েছে। এজন্য হাদীসটি হাসান।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=8839

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন